# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শাহীনুর আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

তারিখ ঃ ১৮/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ,

সময় ঃ বেলাঃ ১১:৩০ ঘটিকা।

**উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক এ দেখানো হলো ।**

- সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপজেলা কৃষি অফিসার আলমডাঙ্গা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয় উপকরন-২ শাখার জিও নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৮৪ তারিখ-০৯/০৬/২০২৬ খ্রিঃ মোতবেক এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচীর সরকারী আদেশ জারী করা হয়েছে। পত্রানুযায়ী কর্মসূচীর প্রকৃত সুফল পাওয়ার জন্য দ্রুত কার্যক্রম বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০ জন উপকারভোগী প্রত্যেক কৃষক ২৮,০০০/= (আঠাশ হাজার টাকা মাত্র) নগদ সহায়তা পাবেন। সভায় তিনি আরও জানান যে, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উপকারভোগী কৃষকের ব্যংক হিসেবে সমুদয় অর্থ প্রদান করতে হবে।তালিকাভূক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চার) দেয়াল দৈর্ঘ্য ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ফুট)ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর প্রদান করতে হবে। সভায় উপস্থিত সকল সদস্য বর্ণিত বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **কর্মসূচী বাস্তবায়ন ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন ঃ**<br>কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখার জিও অনুযায়ী এর বাস্তবায়ন পদ্ধতি ও নীতিমালার আলোকে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>আলমডাঙ্গা উপজেলার ২০ জন উপকারভোগী কৃষকদের মাঝে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচী গ্রহন করা হয়েছে। ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যা বিবেচনা ও আবাদি জমির লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নওয়ারী সহায়তা প্রাপ্য কৃষকের সংখ্যা বিভাজন-ক এ দেখানো হলো। | জেলা হতে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী আবাদী এলাকা, জমির উপযোগীতা ও জনসংখ্যা এর উপর ভিত্তি করে সকল সদস্যবৃন্দের সম্মতিক্রমে ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়। বিভাজনপত্র "ক" এ দেখানো হলো। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |
| ০২ | **কৃষক নির্বাচন ও তালিকা অনুমোদনঃ**<br>• এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন এবং অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন।<br>• কর্মসূচীর অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত উপকারভোগী প্রত্যেক কৃষক ২৮,০০০/= (আঠাশ হাজার টাকা মাত্র) নগদ সহায়তা পাবেন ।জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উপকারভোগী কৃষকের ব্যংক হিসেবে সমুদয় অর্থ প্রদান করতে হবে।তালিকাভূক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চার) দেয়াল দৈর্ঘ্য ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ ফুট) ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর প্রদান করতে হবে। একজন চাষী পরিবারকে একটির বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না। কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত অনুমোদনের পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **"কৃষক তথ্য ছক"** পূরণ করে উপজেলা কৃষি অফিসারের স্বাক্ষরের পর উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই উপপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | কর্মসূচী যথাযথ বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ সহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন করবেন। ইউনিয়নে প্রস্তুতকৃত কৃষক তালিকা উপজেলা কমিটির অনুমোদনের জন্য আগামী ২৫/০৬/২০২৬ তারিখের মধ্যে জমাদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |

| | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | **বিতরণ পদ্ধতি ঃ** অর্থ ব্যয় প্রণোদনা কর্মসূচীর এয়ার ফ্লো মেশিন স্থাপন খাতে বরাদ্দকৃত সমুদয় অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাইপূর্বক মাস্টাররোল অনুসরণ করে উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদান করতে হবে । তালিকাভূক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চার) দেয়াল দৈর্ঘ্য ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ ফুট) ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক এয়ার ফ্লো মেশিন স্থাপনের লক্ষ্যে চুক্তি সম্পাদন পূর্বক স্থাপন করতে হবে। অতঃপর উপজেলা কৃষি অফিসার পেঁয়াজ সংরক্ষণাগারে এয়ার ফ্লো মেশিন নিশ্চিত হওয়ার পর উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদেয় চেকের মাধ্যমে প্রণোদনার ২৮,০০০/- (আঠাশ হাজার) টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। কৃষক সরবরাহকারী প্রতিষ্ঠানকে মেশিনের (স্থাপন, ০৩(তিন) বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি ও ১০ বছরের ফ্রি সার্ভিস ওয়ারেন্টিসহ) মূল্য বাবদ অনধিক ২১,০০০/- (একুশ হাজার) টাকা পরিশোধ করবেন। অবশিষ্ট ৭০০০/- (সাত হাজার) টাকা কৃষক কর্তৃক সংরক্ষণাগারের দেয়াল ও মাচা তৈরি এবং অন্যান্য ব্যয়ের (আংশিক) সমন্বয় বাবদ কৃষকের নিকট থাকবে। | নীতিমালা অনুযায়ী তালিকাভূক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চার) দেয়াল দৈর্ঘ্য ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ ফুট) ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক এয়ার ফ্লো মেশিন স্থাপনের লক্ষ্যে চুক্তি সম্পাদন পূর্বক স্থাপন করতে হবে। অতঃপর উপজেলা কৃষি অফিসার পেঁয়াজ সংরক্ষণাগারে এয়ার ফ্লো মেশিন নিশ্চিত হওয়ার পর উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদেয় চেকের মাধ্যমে প্রণোদনার ২৮,০০০/- (আঠাশ হাজার) টাকা প্রদান করবেন। কৃষক সরবরাহকারী প্রতিষ্ঠানকে মেশিনের (স্থাপন, ০৩(তিন) বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি ও ১০ বছরের ফ্রি সার্ভিস ওয়ারেন্টিসহ) মূল্য বাবদ অনধিক ২১,০০০/- (একুশ হাজার) টাকা পরিশোধ করবেন। অবশিষ্ট ৭০০০/- (সাত হাজার) টাকা কৃষক কর্তৃক সংরক্ষণাগারের দেয়াল ও মাচা তৈরি এবং অন্যান্য ব্যয়ের (আংশিক) সমন্বয় বাবদ কৃষকের নিকট থাকবেএই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি। |
| ০৪ | **চুক্তি সম্পাদন ঃ** প্রণোদনার আওতাভূক্ত কৃষক এবং মেশিন সরবরাহকারী পতিষ্ঠানের মধ্যে সরকার নির্দেশিত বাস্তবায়ন পদ্ধতি ও এ সংক্রান্ত শর্তাবলি উল্লেখ পূর্বক ০২ (দুই) পক্ষের স্বাক্ষরযুক্ত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিনামা স্বাক্ষরিত হবে। ০৩ (তিন) জন স্বাক্ষীর স্বাক্ষরসহ এই চুক্তিনামা সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা সনাক্তকারী হিসেবে এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরকারী হিসেবে স্বাক্ষর করবেন। চুক্তিনামায় রিপ্লেসমেন্ট ও মেরামত কার্যক্রম কৃষক কর্তৃক অবহিত হবার ২৪ (চব্বিশ) ঘণ্টায় মধ্যে সম্পন্ন করতে সরবরাহকারী প্রতিষ্ঠান বাধ্য থাকবে এবং চুক্তিনামার মূল কপি সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে এবং ফটোকপি সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ও কৃষকের নিকট সংরক্ষিত থাকবে। | প্রণোদনার আওতাভূক্ত কৃষক এবং মেশিন সরবরাহকারী পতিষ্ঠানের মধ্যে সরকার নির্দেশিত বাস্তবায়ন পদ্ধতি ও এ সংক্রান্ত শর্তাবলি উল্লেখ পূর্বক ০২ (দুই) পক্ষের স্বাক্ষরযুক্ত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিনামা স্বাক্ষরিত হবে। ০৩ (তিন) জন স্বাক্ষীর স্বাক্ষরসহ এই চুক্তিনামা সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা সনাক্তকারী হিসেবে এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরকারী হিসেবে স্বাক্ষর করবেন। চুক্তিনামায় রিপ্লেসমেন্ট ও মেরামত কার্যক্রম কৃষক কর্তৃক অবহিত হবার ২৪ (চব্বিশ) ঘণ্টায় মধ্যে সম্পন্ন করতে সরবরাহকারী প্রতিষ্ঠান বাধ্য থাকবে এবং চুক্তিনামার মূল কপি সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে এবং ফটোকপি সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ও কৃষকের নিকট সংরক্ষিত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৫/২০২৪

(শাহীনুর আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

**উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি**
**আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।**

**২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত কৃষি প্রণোদনা কর্মসুচীর ইউনিয়ন ভিত্তিক বিভাজনঃ**

**বিভাজনপত্র ক**

| ক্রম | ইউনিয়ন | কর্মসূচীর লক্ষ্যমাত্রা (জন) | ক্রম | ইউনিয়ন | কর্মসূচীর লক্ষ্যমাত্রা (জন) |
|---|---|---|---|---|---|
| ০১ | ভাংবাড়িয়া | ০৩ | ০৯ | ডাউকি | ০১ |
| ০২ | হারদী | ০৩ | ১০ | জামজামি | ০১ |
| ০৩ | কুমারী | ০১ | ১১ | নাগদাহ | ০১ |
| ০৪ | বাড়াদি | ০১ | ১২ | খাসকররা | ০২ |
| ০৫ | গাংনী | ০১ | ১৩ | কালিদাসপুর | ০১ |
| ০৬ | খাদিমপুর | ০১ | ১৪ | চিৎলা | ০১ |
| ০৭ | জেহালা | ০১ | ১৫ | আইলহাস | ০১ |
| ০৮ | বেলগাছি | ০১ | ১৬ | পৌরসভা | ০০ |
| মোটঃ | | ১২ | মোটঃ | | ০৮ |
| **সর্বমোটঃ-(১২+০৮)= ২০জন।** | | | | | |

(মোঃ মাসুদ হোসেন পলাশ)
উপজেলা কৃষি অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

(শাহীনুর আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।**
**ইমেলঃ uao.alamdanga@gmail.com**

স্মারক নং ঃ ১২.১৮.১৮০৭.০৪১.০০৩.০০১.২৬/৪৬৩(৫২) তারিখ ঃ ১৮/০৬/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরন করা হল (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ
০১। মাননীয় সংসদ সদস্য, ৭৯ (চুয়াডাঙ্গা-০১) ও উপদেষ্টা, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০২। জেলা প্রসাশক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।
০৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।
০৪-০৮। ..................................................., আলমডাঙ্গা, সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
০৯-৫২। উপ সহকারী কৃষি অফিসার (সকল), অত্র দপ্তর।

(মোঃ মাসুদ হোসেন পলাশ)
উপজেলা কৃষি অফিসার